

Times Today BD

আল কারিয়া চৌধুরী | খুলনা | 08 April, 2025

গাঁজার নিরীহ মুসল্লিদের ইসরায়েলী সেনারা নির্বিচারে গণহত্যা ও বর্বরোচিত হামলায় ইসলামী স্থাপনাগুলো ধ্বংসের প্রতিবাদে জয়পুরহাটের পাঁচবিবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল পাঁচবিবি উপজেলা ও পৌর শাখার আয়োজনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়। এ উপলক্ষে মঙ্গলবার বিকালে পাঁচবিবি স্টেশন রোডে অবস্থিত বিএনপির দলীয় কার্যালয় থেকে বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করেন। বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করার নেতাকর্মীরা ইসরাইলের সকল প্রকার পণ্য বর্জনের আহ্বান জানিয়ে স্লোগান দেন।

মিছিল শেষে বারোয়ারী চত্বরে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোঃ ফয়সাল আহমেদ আপেলের সভাপতিত্বে সমাবেশ বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল হান্নান চৌধুরী, পৌর বিএনপির যুগ্ম-আহ্বায়ক জিয়াউল ফেরদৌস রাইট, বিএনপি নেতা প্রভাষক মোঃ আহসান হাবিব, জেলা যুবদল নেতা মোঃ আনিছুর রহমান আনিছ, থানা যুবদল নেতা মোঃ নয়ন প্রধান, সাবেক থানা ছাত্রদলের সভাপতি আবু তাহের, জনাবুর রহমান জনি, পৌর ছাত্রদলের আহ্বায়ক মোঃ রাব্বিউল ইসলাম রকি, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ নূরুজ্জামান মন্ডল, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ হুমায়ুন কবির, সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান রাব্বি ও ছাত্রদল নেতা নিয়ামুল হাসান রাহুল সহ দলীয় নেতাকর্মীরা।

গাঁজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ, ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/khulna/514775807>